

বাংলাদেশ নির্বাচন কমিশন  
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
ঝিনাইদহ।

নং- ১৭.০৫.৪৪০০.০০০.৩২.০০২.১৪ ২৬০

তারিখ : ১৬ জুলাই ২০১৭ খ্রিঃ।


## বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়ের ০২ জুলাই ২০১৭ ইং তারিখের নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০১.১৭-১৪৭ নং স্মারকের নির্দেশনা মোতাবেক ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম/২০১৭ উপলক্ষে নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (কার্যক্রম চলাকালীন সময়ের জন্য) প্যানেল প্রস্তুতের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	টেকনিক্যাল এক্সপার্ট/ সাপোর্ট	ন্যূনতম স্নাতক পাশ হতে হবে। কম্পিউটার প্রোগ্রামিং বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। হার্ড-ওয়্যার ও সফটওয়্যার বিষয়ে অভিজ্ঞতাসহ ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কাজের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।
২	টিম লিডার	ন্যূনতম এইচ.এস.সি পাশ হতে হবে। কম্পিউটার অপারেটিং ও কোর্স সম্পন্নকরণসহ ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কাজের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।
৩	প্রফ রিডার	ন্যূনতম এইচ.এস.সি পাশ হতে হবে। কম্পিউটার অপারেটিং ও কোর্স সম্পন্নকরণসহ ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কাজের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।
৪	ডাটা এন্ট্রি অপারেটর	ন্যূনতম এইচ.এস.সি পাশ হতে হবে। কম্পিউটার অপারেটিং ও কোর্স সম্পন্নকরণসহ ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কাজের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।
৫	ডাট এন্ট্রি হেলপার	ন্যূনতম এস.এস.সি পাশ হতে হবে। কম্পিউটার পরিচালনার ক্ষেত্রে প্রাথমিক জ্ঞান থাকতে হবে। ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কাজের পূর্ব অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

## শর্তাবলী :

- আবেদনপত্রে পদের নাম, প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, মোবাইল নম্বর, ব্যাংক হিসাব নম্বর/মোবাইল ব্যাংকিং উল্লেখ পূর্বক আবেদনপত্র জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ বরাবরে আগামী ২৭/০৭/১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা নির্বাচন অফিস, ঝিনাইদহ/সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসে আবেদনপত্র সরাসরি প্রেরণ করতে হবে।
- আবেদনপত্রের সাথে সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের কপি এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- যে পদের জন্য আবেদন করা হয়েছে খামের উপর সে পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- অসম্পূর্ণ, ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০১/০৮/২০১৭ তারিখ সকাল ১০.০০-১১.০০ ঘটিকা পর্যন্ত ব্যবহারিক ও ১২.০০ ঘটিকায় মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং একই তারিখে বেলা ৫.০০ ঘটিকায় চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে।
- আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র অফেরতযোগ্য।
- একজন আবেদনকারী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদন দাখিল করলে সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- কোন পদের বিপরীতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে কর্তৃপক্ষ অন্য পদের জন্য নির্ধারিত প্যানেল থেকে উক্ত পদের জন্য নিয়োগ প্রদান করতে পারবে।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি কোন প্রার্থীর চাকুরীর নিশ্চয়তা বহন করে না।
- উপরোল্লিখিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম/২০১৭ সময়ের জন্য উপজেলা ভিত্তিক নিয়োগ প্রদান করা হবে এবং নির্বাচন কমিশন সচিবালয়/প্রকল্প কার্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে উপরোক্ত কাজের জন্য অর্থ প্রদান করা হবে।
- আবেদনকারীকে ব্যবহারিক পরীক্ষায় ও সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এ নিয়োগ বাতিল/পরিবর্তন/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

  
১৬/০৭/১৭

(মোহাম্মদ সাদেকুল ইসলাম)

জেলা নির্বাচন অফিসার

ঝিনাইদহ।

ফোন : ০৪৫১-৬২৩৬৮

তারিখ : ১৬ জুলাই ২০১৭ খ্রিঃ।

নং- ১৭.০৫.৪৪০০.০০০.৩২.০০২.১৪ ২৬০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল), ঝিনাইদহ।
- উপজেলা নির্বাচন অফিসার ..... (সকল), ঝিনাইদহ।
- নোটিশ বোর্ড।
- অফিস কপি।

  
১৬/০৭/১৭

জেলা নির্বাচন অফিসার

ঝিনাইদহ।